

কমরেড দেবেন শিকদার এর জন্মশতবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত



প্রয়াত বিপ্লবী জননেতা কমরেড দেবেন শিকদারের জন্মশতবার্ষিকী উপলক্ষে জন্মশতবর্ষ উদযাপন কমিটি ও কমরেড দেবেন শিকদার জাতীয় স্মৃতি সংসদের উদ্যোগে ৭ মে '১৮ বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আনছার আলী দুলাল এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বাসদ-এর সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান, সিপিবি'র সাধারণ সম্পাদক কমরেড শাহ আলম, অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কামাল লোহানী, কমরেড সাইফুল হক, কমরেড ফয়জুল হাকিম লালা প্রমুখ।

কমরেড সত্য মৈত্র'র শোকসভা অনুষ্ঠিত



ব্রিটিশ বিরোধী আন্দোলনের সংগঠক, কমিউনিস্ট বিপ্লবী বাংলাদেশের ইউনাইটেড কমিউনিস্ট লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য কমরেড সত্য মৈত্র'র শোকসভা ১১ মে '১৮ বিএমএ মিলনায়তনে কমরেড মোশারফ হোসেন নান্নুর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উল্লেখ্য ৮ এপ্রিল '১৮ কমরেড সত্য মৈত্র মৃত্যুবরণ করেন।

শোকসভায় বক্তব্য রাখেন বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ এর সাধারণ সম্পাদক কমরেড খালেকুজ্জামান, সিপিবি'র সভাপতি কমরেড মুজাহিদুল ইসলাম সেলিম, অধ্যাপক আনু মুহাম্মদ, বাসদ (মার্কসবাদী)'র সাধারণ সম্পাদক কমরেড মুবিনুল হায়দার চৌধুরী, লেখক-গবেষক নূর মোহাম্মদ, সাংস্কৃতিক সংগঠক মহসিন শাস্ত্রপাণি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক কমরেড সাইফুল হক, ইউনাইটেড কমিউনিস্ট লীগের সম্পাদকমণ্ডলীর সদস্য আজিজুর রহমান, জাতীয় মুক্তি কাউন্সিলের সাধারণ সম্পাদক ফয়জুল হাকিম লালা, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, গণতান্ত্রিক বিপ্লবী পার্টির সাধারণ সম্পাদক মোশারেফা মিশু, সমাজতান্ত্রিক আন্দোলনের আহ্বায়ক হামিদুল হক, জাতীয় গণতান্ত্রিক গণমোর্চার সভাপতি জাফর হোসেন, গণতান্ত্রিক গণমঞ্চের আহ্বায়ক মাসুদ খান, বাংলাদেশ কৃষক ক্ষেত্রমজুর সমিতির সভাপতি রণজিৎ চট্টোপাধ্যায়, জাতীয় গণতান্ত্রিক শ্রমিক ফেডারেশনের আহ্বায়ক শামীম ইমাম, নজরুল ইসলামসহ বিভিন্ন গণসংগঠনের নেতৃবৃন্দ।